

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৫১৬(আগরতলা, ০৮।০৩)  
আমবাসা, ০৮ মার্চ, ২০১৯

বর্জ্য ব্যবস্থাপনা : ধলাইয়ে কর্মশালা অনুষ্ঠিত

নগর উন্নয়ন দপ্তর এবং ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে আজ আমবাসা পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রের মিলনায়তনে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ের উপর কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন জেলাশাসক বিকাশ সিং, ধলাই জিলা পরিষদের সভাপতি পরিমল চন্দ্র দাস, সহকারি সভাপতি নগেন্দ্র নমঃশূদ্র, আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপতী ভট্টাচার্য, আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক এবং কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন স্বপ্না দাস। আবর্জনা সংগ্রহ, পরিবহণ, প্রক্রিয়াজাতকরণ, পুনর্ব্যবহার এবং নিষ্কাশনের জন্য করণীয় বিষয়ে এই কর্মশালার আয়োজন। ত্রিমুখীয় পঞ্চায়েতের প্রতিনিধি, সমষ্টি উন্নয়ন আধিকারিকদের নিয়ে আয়োজিত কর্মশালায় স্বাগত ভাষণ রাখেন ডি সি শুভব্রত দে। আলোচনা করেন জেলাশাসক বিকাশ সিং এবং সায়েন্টিফিক অফিসার দিপক রুদ্রপাল। নগর উন্নয়ন দপ্তরের উপ-অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা এই অনুষ্ঠানের বিশেষ বক্তা হিসেবে আবর্জনার প্রকারভেদ, গঠন ও রাসায়নিক ধর্ম উৎস, ব্যবস্থাপনার মাধ্যমে আবর্জনা থেকে পরিবেশের ক্ষতি রোধ করার কাজ এবং আবর্জনা থেকে পুনর্ব্যবহারযোগ্য বস্তু আহরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। জেলাশাসক জানান, ভবিষ্যতে ধলাই জেলায় একটি ডাম্পিন স্টেশন খোলার জন্য পদক্ষেপ নেওয়া হবে।

\*\*\*\*\*